# জাকসুতে বাগছাস দুটি পদে জিতেছেন

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২১:৪১, ১৩ সেপ্টেম্বর ২০২৫



ছবিঃ সংগৃহীত

জাহাঙ্গীর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় সংসদ (জাকসু) নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়েছে। নির্বাচনে বাগছাস দুটি পদে জিতেছেন।

আজ শনিবার (১৩ সেপ্টেম্বর) বিকেল ৫টার পর এই ফলাফল ঘোষণা শুরু হয়।

×

সমাজসেবা ও মানবসেবা উন্নয়ন পদে নির্বাচিত হয়েছেন বাগছাস নেতা আহসান লাবিব। তিনি মোট পেয়েছেন ১৬৯০ ভোট। এবং কার্যকরী সদস্য পদে নির্বাচিত হয়েছেন বাগছাস নেতা মোহাম্মদ আলী চিশতী। তিনি মোট পেয়েছেন ২৪১৪ ভোট।

জাকসু নির্বাচনে মোট ভোটার ১১ হাজার ৭৪৩ জন। ভোট পড়েছে প্রায় ৬৮ শতাংশ। জাকসুর ২৫টি পদে প্রতিদ্বন্দ্বিতা করেন ১৭৭ জন প্রার্থী।